

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
www.cumc.edu.bd, comc@ac.dghs.gov.bd



মুজিববর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.০৬.০০১.২০২২- ১৯৪২

তারিখ : ০৭.০৯.২০২২খ্রি:।

গত ১৪/০৮/২০২২ ইং তারিখ রোজ রবিবার সকাল ০৯:৩০ ঘটিকার সময় অত্র কলেজের অধ্যক্ষ, অধ্যাপক ডাঃ মোঃ মোস্তফা কামাল আজাদ'এর সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের এক সভা অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সম্মানিত হাসপাতাল পরিচালক, উপাধ্যক্ষ, অধ্যাপক, সকল বিভাগীয় প্রধান ও ইউনিট প্রধানগণ-কে ধন্যবাদ জানান এবং ১৫ আগস্ট ৭৫ এর কালোরাতে জাতির জনক বঙ্গবন্ধু ও বঙ্গমাতাসহ নির্মমভাবে নিহতদের মাগফিরাত ও জান্নাত কামনা করে সভার কাজ শুরু করেন।

১. ১৭/০৭/২০২২ ইং এর সভার কার্য বিবরণী পাঠ, গৃহিত ব্যবস্থা পর্যালোচনা শেষে অনুমোদিত হয়।
২. যথাযোগ্য মর্যাদায় ১৫ই আগস্টের জাতীয় শোক দিবস পালন করার লক্ষ্যে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে এক জুম সভা অনুষ্ঠিত হয়। জুম সভায় মাননীয় মন্ত্রীর নির্দেশনা মোতাবেক ১৫ই আগস্ট এ দিনটিকে ছুটি মনে না করে উক্ত কর্মসূচিতে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে অংশগ্রহণ করার নির্দেশ প্রদান করেন।
৩. আগামী ২৮/০৮/২০২২ ইং তারিখ রবিবার সকাল ৯:৩০ ঘটিকায় ডিসিপিনারী সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়।
৪. ১৭/০৮/২০২২ থেকে ১৯/০৮/২০২২ ইং তারিখ পর্যন্ত ছাত্র/ছাত্রীদের সাময়িক ছুটির সিদ্ধান্ত গৃহিত হয়।
৫. মাইক্রোবায়োলজি, প্যাথলজি, বায়োকেমিস্ট্রি বিভাগের কাজ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ডিমান্ড জরুরী ভিত্তিতে নিম্ন-স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং উক্ত বিভাগ হতে ১জন করে (প্রভাষক) স্যাম্পল রিসিভ করার কাজে সহযোগীতা করতে দুপুর ২টা পর্যন্ত উপস্থিত থাকার নির্দেশ দেয়া হয়।
৬. উপাধ্যক্ষ ও মেডিকেল এডুকেশন ইউনিটের সমন্বয়ে ষণ্মাসিক News Letter ছাপানোর সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সকলের সু-স্বাস্থ্য দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(অধ্যাপক ডাঃ মোঃ মোস্তফা কামাল আজাদ)

অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা

তারিখ : ০৭.০৯.২০২২খ্রি:।

নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.০৬.০০১.২০২২-১৯৪২/১০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃ:আ:- সচিব মহোদয়ের একান্ত সচিব।
২. পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
দৃ:আ:- পরিচালক (প্রশাসন)।
৪. উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৫. অধ্যাপক (সকল).....বিভাগ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৬. ফেইজ কো-অর্ডিনেটর-১/২/৩/৪, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৭. চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট/লাইব্রেরী বিভাগ/, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৮. বিভাগীয় প্রধান (সকল).....বিভাগ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৯. হোস্টেল তত্ত্বাবধায়ক, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
১০. সচিব, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
১১. ছাত্র শাখা, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
১২. জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, অফিস সহকারী (নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব), মেডিকেল এডুকেশন ইউনিট, কুমিল্লা।
১৩. অফিস কপি।


(অধ্যাপক ডাঃ মোঃ মোস্তফা কামাল আজাদ)

অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা